



## বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলর-এর সম্মানে

### কৃষিবিদ অস্ট্রেলিয়া-র নৈশভোজ

বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলর প্রফেসর ডঃ মোঃ আলী আকবর সম্প্রতি অস্ট্রেলিয়ার সিডনি, ওয়াগা ওয়াগা, ব্রিসবেন ইত্যাদি শহরে বিভিন্ন গবেষণা কেন্দ্র পরিদর্শন সহ শিক্ষা ও কারিগরি বিষয়ে সরকারি পর্যায়ে মেমোরেন্ডাম অফ আন্ডারস্ট্যান্ডিং-এর জন্যে ইউনিভার্সিটি অফ কুইন্সল্যান্ড সফর করেন। অস্ট্রেলিয়ায় বসবাসরত কৃষিবিদদের সংগঠন - “কৃষিবিদ অস্ট্রেলিয়া” প্রফেসর আকবরের সম্মানে সিডনিতে তাঁর সংক্ষিপ্ত অবস্থানকালে গত ২৬শে আগস্ট ২০১৬ হ্যারিস পার্কের স্পাইস অফ লাইফ রেস্টুরেন্টে এক নৈশভোজের আয়োজন করে। কৃষিবিদ অস্ট্রেলিয়া-র সাধারণ সম্পাদক ডঃ মাসুদ পারভেজ নৈশভোজে অংশগ্রহণের জন্যে প্রফেসর আকবর এবং তাঁর পরিবারকে অভ্যর্থনা জানান।

নৈশভোজের আনন্দঘন পরিবেশে উপস্থিত কৃষিবিদরা নিজেদের পরিচয় এবং অস্ট্রেলিয়াতে বর্তমানে নিজস্ব কর্মক্ষেত্রের সংক্ষিপ্ত বর্ণনা আমন্ত্রিত প্রফেসর আকবরকে অবহিত করেন। প্রফেসর আকবর বাংলাদেশের কৃষি উন্নয়নে কৃষিবিদদের ভূমিকা তুলে ধরার পাশাপাশি প্রবাসী কৃষিবিদদের অবদানের ভূয়সী প্রশংসা করেন। বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয় এবং শেরে বাংলা কৃষি বিশ্ববিদ্যালয়ে “কৃষিবিদ অস্ট্রেলিয়া বৃত্তি” কর্মসূচি বাস্তবায়নে তিনি তাঁর সহযোগিতা প্রদানের আশ্বাস দেন।

কৃষিবিদ অস্ট্রেলিয়া-র পক্ষে সভাপতি ডঃ মাকসুদুল বারী কৃষিবিদ অস্ট্রেলিয়া-র মনোগ্রাম খচিত সম্মানসূচক ক্রেস্ট বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলর প্রফেসর ডঃ মোঃ আলী আকবরকে উপহার দেন।

সিডনিতে বসবাসরত উল্লেখযোগ্য সংখ্যক কৃষিবিদ - ডঃ কাইয়ুম পারভেজ, ইশরাত মাহমুদ, ডঃ নিজাম আহমেদ, মোঃ আব্দুল মোতালেব, ডাঃ আব্দুল ওয়াহাব বকুল, নাজমুল হাসান আঞ্জু, ডঃ রফিকুল ইসলাম মিন্টু, জাহানারা বেগম, জাহেরুল ইসলাম, ডঃ শাহনাজ পারভেজ শিল্পী, ডঃ নাগিস বানু, ডাঃ লাভলি রহমান, ডঃ এখলাস আহমেদ বাবু, ডঃ সেলিনা আহমেদ পাপড়ি, ডঃ আসাদুজ্জামান সেলিম,

সালেহ মোঃ আদনান, কানাডা-প্রবাসী পরিতোষ রায় ছাড়াও অনেক কৃষিবিদের সহধর্মিনী এই নৈশভোজে অংশগ্রহন করেন।

ডঃ মাসুদ পারভেজের সঞ্চালনায় অনুষ্ঠিত নৈশভোজে ডঃ মাকসুদুল বারী সপ্তাহের শেষ কর্মদিবসের রাত প্রায় বারোটোর দিকে প্রফেসর আকবর ও তাঁর পরিবার, উপস্থিত কৃষিবিদ এবং তাঁদের পরিবারের সবাইকে নৈশভোজে অংশগ্রহনের জন্যে কৃষিবিদ অস্ট্রেলিয়া-র পক্ষ থেকে ধন্যবাদ জানিয়ে অনুষ্ঠানের সমাপ্তি ঘোষণা করেন।

ডঃ মাসুদ পারভেজ

সাধারণ সম্পাদক

কৃষিবিদ অস্ট্রেলিয়া

০১/০৯/২০১৬